গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# ফেনী সরকারী কলেজ,ফেনী

স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী।

স্মারক নং-ফেসক/২০২৩/ তারিখ : ০৯/১০/২০২৩ খ্রি.

## ২০২১ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/শেষপর্ব পরীক্ষার নিয়মিত, প্রাইভেট, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

১। **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :** আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের EMS সফটওয়্যারের ওয়েবসাইট এ (http://ems.nu.ac.bd/student-login) প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Submit বাটনে ক্লিক করে লগইন করতে হবে। লগইন করার পর বাম পাশের ম্যানুবার থেকে Form Fillup ম্যানুতে ক্লিক করে Apply Now বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য যেমন: পরীক্ষার বিষয়, মোবাইল নম্বর ইত্যাদি দিয়ে Submit বাটনে ক্লিক করে Pop-Up ম্যানু থেকে Form Fillup নিশ্চায়নের জন্য Yes বাটনে ক্লিক করতে হবে অন্যথায় নিশ্চায়ন না করতে চাইলে Cancel বাটনে ক্লিক করতে হবে। Form Fillup নিশ্চায়ন করা পর APPLICATION FORM ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফি সহ স্ব স্ব কলেজে জমা দিতে হবে। Form Fillup এর সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার পর PAYMENT STATUS পেইড (PAID) দেখাবে।

## ২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২১ সালের প্রাইভেট শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০১৯ এবং ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সব পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০১৯ এবং ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০২০ সালের পরীক্ষায় সব বিষয়ে অংশ নিয়ে যেসকল শিক্ষার্থীগণ এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এ সকল শিক্ষার্থীগণ ২০২১ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ঙ) ২০২০ সালের পরীক্ষায় সব বিষয়ে অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থীগণ CGPA 2.5 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২১ সালে শুধু মাত্র ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে(সর্বোচ্চ ০২(দুই)টি) পত্রে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এ সকল শিক্ষার্থীগণের ইনকোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

## বিষয় ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | বার |
|---|---|---|---|
| ১ | বাংলা, ইংরেজী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, | ৩০/১০/২০২৩ | সোমবার |
| ২ | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, গণিত | ৩১/১০/২০২৩ | মঙ্গলবার |

## বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত ও অনিয়মিত | অনিয়মিত F গ্রেড প্রাপ্ত | প্রাইভেট | অনিয়মিত F গ্রেড প্রাপ্ত |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা সমাজকর্ম | ৩৭২৫/- | ৩১২৫/- | ৩৪৭৫/- | ২৮৭৫/- |
| ০২ | রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান | ৩৯২৫/- | ৩৩২৫/- | ------- | ------- |

বিশেষ দ্রষ্টব্য : যে সকল শিক্ষার্থী পূর্বের শিক্ষাবর্ষগুলোতে অংশগ্রহণ করে F গ্রেড প্রাপ্ত হয়েছে শুধু তাদের ক্ষেত্রে প্রযোজ্য ২০১৯ বা ২০২০ সালে যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করে অংশগ্রহণ করে নাই বা অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে সাময়িক সনদ ও নম্বরপত্র ফি প্রযোজ্য হবে না।

### অকৃতকার্য, মানউন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি ও টাকা:

| গ্রেড উন্নয়ন | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| | ১০৫০/- | ১৩০০/- | ১৫৫০/- | ১৮০০/- | ২০৫০/- | ২৩০০/- |

### ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :

**নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের** ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড, নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

### পরীক্ষার্থীদের জন্য করণীয় :

**Online** এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, পাসপোর্ট সাইজের সদ্য তোল রঙিন ছবি ০১ কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও Payment History থেকে ডাউনলোডকৃত টাকা জমাদানে প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে কলেজ অফিসে জমা দিতে হবে।

০৭/১০/২৩

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ